

সিডনীতে বি.এন.পি'র সফল ইফতার সন্ধ্যা

কর্ণফুলী রিপোর্ট

গত রবিবার ৭ই আগস্ট সিডনির অদূরে বেলমোর আবাসিক এলাকার একটি কমিউনিটি সেন্টারে বি.এন.পি অস্ট্রেলিয়ার (মনিরুল হক **জজ মিয়া** এন্ড **ডাঃ ওহাব গ্রুপ**) ইফতার পার্টি উদযাপিত হয়। উক্ত অনুষ্ঠানে সংক্ষিপ্ত ওয়াজ-নসিহত ও মোনাজাত শেষে আগত দলীয় সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের মাঝে ইফতার বন্টন করা হয়। মোনাজাতে বি.এন.পি অস্ট্রেলিয়া বাংলাদেশে বর্তমান বিরাজমান দানব সরকার থেকে দেশ ও জাতীকে রক্ষা করার জন্যে ইফতার মেহফীল থেকে আল্লাহর কাছে আবেদন করা হয়। বাংলাদেশীদের অন্যান্য অনুষ্ঠানে খাওয়ার হার্ডি লুকিয়ে রেখে সকল বক্তার বক্তব্য গেলানোর চেষ্টা করা হলেও রমাজন মাসে তা আর সম্ভব হয়না। আল্লাহ বলেছেন ‘হে বান্দা, রোজার দিনে খাওয়ার হার্ডি লুকিয়ে রেখে মুসল্লিদের কষ্ট দিও না, রোজাদারদেরকে অহেতুক তোমাদের নেতাদের বক্তব্য গেলাবার চেষ্টা করোনা এবং সঠিক সময়ে তাদের ইফতার পরিবেশন করিও’ (আলঃ হাদিস)। আল্লাহ প্রদত্ত উক্ত ফরজ ও ছুন্নতি নিয়ম কানুন রক্ষা করে বি.এন.পি অস্ট্রেলিয়া গত রবিবার সন্ধ্যায় তথাকথিত নেতাদের বক্তব্যহীন যথা সময়ে ইফতার পরিবেশন করেছেন। এ জন্যে আগত সকল মুসল্লি ও রোজাদার ব্যক্তির দু’হাত তুলে নেতাদের জন্যে দোয়াও করেছেন। উক্ত অনুষ্ঠানে আনুমানিক দু’শত মুসল্লি অংশগ্রহন করেছিল। সিডনীতে এ বছর এটাই ছিল সবচেয়ে বড় ইফতারী অনুষ্ঠান।



ইফতার পরিবেশন হবে এখন, অপেক্ষায় আছেন মুসল্লিরা



মুসল্লিদের খেদমতে ব্যস্ত নিবেদিত ব্যক্তি জজ মিয়া (দাঁড়ানো)



ইফতার মেহফীলে আগত অতিথিদের সাথে উপস্থিত বিশিষ্ট সমাজসেবক মনিরুল হক (জজ মিয়া) (সাদা টুপি মাথায় মাঝে) এবং তার পাশে বি.এন.পি অস্ট্রেলিয়ার সভাপতি ডাঃ আব্দুল ওহাব (বকুল ভাই) (কালো ভেঁট পরিহিত)